

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩

কুমারঘাট, ৬ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

**বাড়ি বাড়ি নিয়ে ভোট গ্রহণ : কুমারঘাটে ভোট কর্মীদের মহড়া অনুষ্ঠিত**

আসন্ন লোকসভা নির্বাচনে ২-ত্রিপুরা পূর্ব (এসটি) আসনের অন্তর্গত ৫০-পাবিয়াছড়া (এসসি) বিধানসভা ক্ষেত্র ও ৫১-ফটিকরায় (এসসি) বিধানসভা ক্ষেত্রে যেসকল ভোটারের বয়স ৮৫ বছরের উর্দে ও দিব্যাঙ্গন ভোটার যারা ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিতে পারবেন না তাদের বাড়ি বাড়ি গিয়ে ভোট গ্রহণের বিষয়ে ভোট কর্মীদের আজ কুমারঘাট পঞ্চায়েত সমিতির কনফারেন্স হলে নির্বাচনী মহড়া অনুষ্ঠিত হয়। নির্বাচনী মহড়ায় নির্বাচনের নিয়মাবলী নিয়ে আলোচনা করেন কুমারঘাট ব্লকের অতিরিক্ত বিডিও পার্থ সাহা। উপস্থিত ছিলেন কুমারঘাট পঞ্চায়েত সমিতির পঞ্চায়েত আধিকারিক দীপঙ্কর চক্রবর্তী। অতিরিক্ত বিডিও পার্থ সাহা জানান, উল্লেখিত দু'টি বিধানসভা ক্ষেত্রে ৮৫ বছরের উর্দে এমন ৫২ জন ভোটার এবং ১৮ জন দিব্যাঙ্গন ভোটার পোস্টাল ব্যালটের মাধ্যমে বাড়িতে ভোট প্রদানের আবেদন জানিয়েছেন। সেই অনুযায়ী মহকুমার মোট ৬টি ভোট গ্রহণ কর্মীর টিম আগামী ১৭ ও ১৮ এপ্রিল তাদের বাড়িতে গিয়ে ভোট গ্রহণ করবেন।

\*\*\*\*\*